প্রিয় শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দ,

আগামীকাল **০১ জুলাই ২০২৬ (বুধবার)** থেকে আমাদের বিদ্যালয়ের অর্ধ-বার্ষিক পরীক্ষা শুরু হতে যাচ্ছে।

পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও শৃঙ্খলাপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল শিক্ষার্থীর জন্য নিম্নলিখিত নির্দেশনাগুলো অনুসরণ করা অত্যন্ত জরুরি—

- বিদ্যালয় নির্ধারিত পূর্ণাঙ্গ ইউনিফর্ম পরিধান করে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে।
- পরীক্ষা শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার কক্ষে উপস্থিত থাকতে হবে।
- প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।
- প্রয়োজনীয় কলম, পেন্সিল, রাবার, স্কেলসহ সকল শিক্ষা উপকরণ সঙ্গে আনতে হবে।
- পরীক্ষার সময় কোনো ধরনের অসদুপায় অবলম্বন বা শৃঙ্খলাভঙ্গ করা থেকে সম্পূর্ণ বিরত থাকতে হবে।
- পরীক্ষা চলাকালীন মোবাইল ফোন বা অন্য কোনো ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনা যাবে না।
- অবশ্যই বাসা থেকে নাস্তা খেয়ে বিদ্যালয়ে আসবে, যাতে সুস্থ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারো।
- পরীক্ষার হলে দায়িত্বরত শিক্ষকদের সকল নির্দেশনা যথাযথভাবে মেনে চলবে।

সকল পরীক্ষার্থীর জন্য আন্তরিক দোয়া ও শুভকামনা।

আল্লাহ তাআলা সকলকে সুস্থ রাখুন এবং পরীক্ষায় সফলতা দান করুন। আমীন।

— প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)